শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

যীশু পাঁচ হাজার লোককে খাওয়ালেন

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Janie Forest
Alastair Paterson
অভিযোজন: Ruth Klassen
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2020 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

অনেক ধর্মীয় নেতা (তাদেরকে ফরিসী বলা হত) যীশুর সম্বন্ধে মিথ্যা বলছিল। তাদের মধ্যে অনেকে তাকে হত্যা করতে চাইত।

তারা বিশ্বাস করত না যে, তিনি ঈশ্বরের পুত্র। যদিও তিনি অনেক অলৌকিক কাজ করেছিলেন, যা প্রমাণ করে তিনি ঈশ্বরের পুত্র।

একদিন যীশু গালীল সমুদ্র পার করছেন। বোধহয় তিনি জনতার কাছ্ থেকে কিছুক্ষণের জন্য বিশ্রাম নিতে চাইছিলেন। কিন্তু জনতা তাকে খুঁজে পেল। তারা জানত যে, যীশু অনেক অলৌকিক কাজ করেছিলেন, তারা তাঁর সাথে
থাকতে চাইত।



যীশু তাঁর শিষ্যদের একটি পর্বতের
কাছে নিয়ে গেলেন, যেখানে তিনি
বসতেন ও প্রচার করতেন। লোকেরা
পরপর তার কাছে আসতে লাগল।
এটা রাতের খাবারের সময় ছিল।
প্রত্যেকেই
ক্ষুধার্ত হয়ে পড়েছিল।



যীশু জনতার দিকে তাকালেন, তিনি ফিলিপকে জিজ্ঞাসা করলেন, “এদের খাবার জন্য আমরা কোথা থেকে খাবার কিনব?” সেখানে কোনও খাদ্যের ভাণ্ডার ছিল না। যীশু কী করতে চাইছিলেন?





ফিলিপ যীশুকে বললেন, “এই জনতার খাদ্যের জন্য আমাদের প্রচুর টাকার প্রয়োজন”। যীশু ও তাঁর শিষ্যদের কাছে যথেষ্ট পরিমাণ টাকা ছিল না।





অন্য একজন শিষ্য, আন্দ্রিয় (শিমোন পিতরের ভাই) যীশুকে বললেন, “এখানে একজন বালক আছে, যার কাছে পাঁচটা রুটি ও দুটি মাছ ভাজা আছে”।

“... কিন্তু এতগুলো লোকের জন্য এগুলো কী হবে”? আন্দ্রিয় বুঝতে পারছিল না, কী করে ছোট বালকটির খাবার দিয়ে সমস্ত লোককে খাওয়াবে, তাও যদি বালকটি যীশুকে তার দিনের খাবার দিতে চায়।



যীশু বললেন, “লোকদের মাটিতে বসাও”। সুতরাং লোকেরা বসে পড়ল, সংখ্যায় পাঁচ হাজার। ওয়াও! পাঁচ হাজার! এদের মধ্যে মহিলা ও বাচ্চাদের গোনা হয়নি।



তারপরে যীশু রুটি ও মাছ নিলেন। ছোট্ট বালকটি হয়তো যীশুকে বিশ্বাস করেছিল। সে জানত না কেন যীশু তার খাবার চাইছেন অথবা এটা নিয়ে যীশু কী করবে। সে হয়তো ভাবছিল, “যদি আমি আমার খাবার দিই, তাহলে আমি খেতে পারব না”। যাই হোক না কেন, সে
কিন্তু যীশুকে দিয়েছিল।

তারপর যীশু প্রার্থনা করলেন। তিনি ঈশ্বরকে ধন্যবাদ দিলেন। পাঁচটি রুটি ও দুটি মাছ? হ্যাঁ, যীশু ঈশ্বরকে ধন্যবাদ দিলেন, সেই খাবারকে আশীর্বাদ করতে বললেন।



প্রার্থনার পর যীশু রুটি ও মাছটি ভাঙ্গলেন এবং শিষ্যদের দিলেন, তারা লোকদের মধ্যে ভাগ করে দিল। সেই সময়ে লোকেরা যীশুর অলৌকিক কাজ দেখল। প্রত্যেকটা মানুষ তাদের প্রয়োজন অনুসারে খেল। তবুও অনেক মাছ ও রুটি বেঁচে গিয়েছিল।



সবার খাবার হয়ে যাবার পরও অনেক মাছ্ ও রুটি বেঁচে গিয়েছিল। যীশু তাঁর শিষ্যদের বললেন, “বেঁচে যাওয়া খাবারগুলি এক জায়গায় জড়ো কর, যাতে কিছু বাদ পড়ে না যায়”। পাঁচটি রুটি থেকে খাবার পর যা কিছু বেঁচে গিয়েছিল, সেগুলো জড়ো করে তারা বারোটা ডালা ভরল।



ঐ দিন যীশু পাঁচ হাজার লোককে একটা ছোট্ট ছেলের খাবার থেকে খাইয়েছিলেন। আর এক সময়ে তিনি চার হাজার লোককে সাতটা রুটি ও কিছু মাছ দিয়ে খাইয়েছিলেন। যখন সাধারণ মানুষ এই চিহ্নগুলি দেখল, তারা ফরিসীদের মতো রাগ করল না। তার পরিবর্তে তারা বলল, “ইনি সত্যিকার ভাববাদী, যিনি এই পৃথিবীর মধ্যে এসেছেন”। তারা জানত যে যীশু পরিত্রাতা, আর যাঁর আগমণ ঈশ্বরের পবিত্র বাক্যের প্রতিজ্ঞা রেখেছে।



যীশু পাঁচ হাজার লোককে খাওয়ালেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যোহন ৬

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬